সংবাদ
T. Affairs
তারিখ 11 NOV 1985
পৃষ্ঠা 1 কলাম 5

002

### ডক্টরেট ডিগ্রীর দাবী ভুয়া প্রমাণিত

# অধ্যাপক আজহার হোসেন পদত্যাগ করলেন

(নিজস্ব বার্তা পরিবেশক)

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার ও ইংরেজী বিভাগের সুপার নিউমারারী প্রফেসর এ, এম, এফ আজহার হোসেন পদত্যাগ করেছেন। ভারতের যাদবপুর বিশ্ব বিদ্যালয় থেকে অনারারী ডক্টরেট পাবার দাবী মিথ্যা প্রমাণিত হওয়ায় তিনি পদত্যাগ করতে বাধ্য হন বলে জানা যায়।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের আইন অনুযায়ী কোন সুপার নিউমারারী শিক্ষককে প্রশাসনিক দায়িত্বে নিয়োগ করা যায় না; কিন্তু প্রফেসর আজহার হোসেনকে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার নিয়োগ করা হয়। উপাচার্যের অনুপস্থিতিতে প্রফেসর আজহার হোসেন দেড় মাসের জন্য উপাচার্যের দায়িত্বও পালন করেন। তিনি যাদবপুর বিশ্ববিদ্যালয় থেকে অনারারী ডক্টরেট পেয়ে-

(শেষ পৃ: ৬-এর ক: ম:)

### অধ্যাপক আজহার

(১ম, পাতার পর)

ছেন বলে দাবী করে বিভিন্ন দায়িত্বশীল সংস্থা থেকে সংবর্ধনা গ্রহণ করেন। উপাচার্য কামাল উদ্দিনের উপস্থিতিতে বিশ্ববিদ্যালয়েও তাকে অভিনন্দিত করা হয়; কিন্তু যাদবপুর বিশ্ববিদ্যালয়ের রেজিষ্ট্রারের চিঠির সূত্র ধরে জানা যায় যে, যাদবপুর বিশ্ববিদ্যালয় প্রফেসর আজহার হোসেনকে কোন ডিগ্রী দেয়নি। তিনি কলকাতায় গিয়ে সনদপ্রাপ্তির কথাও প্রচার করেন কিন্তু কলকাতায় যাবার জন্য উপাচার্য বা আচার্যের কাছে অনুমতি প্রার্থনা করার কোন প্রমাণ বিশ্ববিদ্যালয়ের নথিপত্রে নেই বলে জানা যায়।